



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

তারিখ: ১০-১২-২০২০

নথি নং -বিঅ-৬/৩৯৮১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৮৭২

বিষয়: প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে পুনরায় সভাপতি নির্বাচন করে দাখিল প্রসঙ্গে।

সূত্র : জনাব এস. এম আব্দুর রহমান মুকুল ০৯-১১-২০২০ খ্রি. তারিখের আবেদন (আইডি নং- ৩০০৫)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার কয়রা উপজেলাধীন বামিয়া এম এম মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ১৭-০৬-২০২০ খ্রি. তারিখে ১৪২৭৬ নং আইডিতে ম্যানেজিং কমিটি দাখিল করেন। ১৪২৯০ এবং ১৫৪৩১ নং আইডিতে জনাব মো: মোস্তাফিজুর রহমান গং অভিযোগ দাখিল করলে উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা-কে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য পত্র দেয়া হয়। তদন্ত প্রতিবেদন দাখিল হয়। তদন্ত প্রতিবেদনের আলোকে দাখিলকৃত ম্যানেজিং কমিটির সভাপতি খুলনা সিটি কর্পোরেশনের একজন দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা যাহা প্রবিধান-২০০৯ এর ৮(৩) ধারার পরিপন্থী। সুতরাং প্রবিধান-২০০৯ এর ৮(১) ধারা অনুযায়ী পুনরায় প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে সভাপতি নির্বাচন করে দাখিল করার জন্য প্রধান শিক্ষককে পত্র দেয়া হয়। প্রধান শিক্ষক উক্ত পত্রের নির্দেশনা বাস্তবায়ন করেননি। ইতোমধ্যে জনাব আব্দুস সামাদ গাজী ও জি এম নুরুজ্জামান বাদী হয়ে ম্যানেজিং কমিটি গঠন সংক্রান্ত এবং সভাপতি নির্বাচন সংক্রান্ত বিষয়ে যুগ্ম জজ ৪র্থ আদালতে ৯৬/২০১৮ দেওয়ানী মামলা দায়ের করেন। মহামান্য আদালত ২৩-১০-২০১৮ খ্রি,তারিখে অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত দোতরফা সূত্রে না মঞ্জুর করেন। জনাব আব্দুস সামাদ গাজী ও জি এম নুরুজ্জামান মাননীয় জেলা জজ আদালতে উক্ত আদেশের বিরুদ্ধে ১৯-১১-২০১৮ খ্রি. তারিখে ৪৭/২০১৮ মিস আপীল দায়ের করেন। উক্ত মিস আপীলটি ২০-১০-২০২০ খ্রি. তারিখে বিনা খরচায় খারিজ করা হয়। ফলে মহামান্য আদালতের ২৩-১০-২০১৮ খ্রি,তারিখে অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত দোতরফা সূত্রে না মঞ্জুরের আদেশ বহাল থাকে। এমতাবস্থায় মামলা খারিজ হওয়ায় প্রবিধান-২০০৯ এর ৮(১) ধারা অনুযায়ী পুনরায় প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে সভাপতি নির্বাচন করে দাখিল করার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১০-১২-২০২০

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৬৩৪

প্রধান শিক্ষক
বামিয়া এম এম মাধ্যমিক বিদ্যালয় (১১৭১৯২)
বামিয়া, কয়রা, খুলনা।

নথি নং-বিঅ-৬/৩৯৮১/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৮৭২ (৫)

তারিখ: ১০-১২-২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা।
- ২। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা।
- ৪। অভিযোগকারী, জনাব এস এম আব্দুর রহমান মুকুল, বামিয়া, কয়রা, খুলনা।
- ৫। অফিস নথি।

১০-১২-২০২০

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর